P 3651 I 3330/07

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 681626

থানা বেহালা, মৌজা হাঁসপুকুরিয়া

০৫ শতক জমি ৯৯,৮০০ টাকা মূল্যের

সাফ বিক্রয় কোবালা পত্র ঃ-

5000

Admissible under Rean Rule-21 and also u/s..................of the West Bengal L R Act 1936 duty stamped Ex-noted from Stamp duty under the Indian Stam Act 1899 as amnended in 1884 Schadule 1A No..........23.......... Process Fees........................ Paid in C.F.S........................

24.11.07

A 1089

Deficit Stamp Duty of Rs......12300/-...... Has been Realised vide Bank Draft No......924962...... Dated 16-7-07 S.B.I...... Branch Rosapunja

99800/-

A108

Addl. District Sub-Registrar, Behala, South 24-Parganas

16.7.07

A: D: S: R: Behala 16.7.07

3,45,500

কোবালা গ্রহীতা : শ্রী দেবদত্ত মন্ডল, পিতা স্বর্গীয় অনিল মন্ডল জাতি হিন্দু, পেশা ব্যবসা, ঠিকানা গ্রাম ও পোঃ জোকা থানা ঠাকুরপুকুর, জেলা দঃ ২৪-পরগনা।

কোবালা দাতা : শ্রী গোষ্ট কয়াল পিতা – স্বর্গীয় কাঁদন (কাজল) কয়াল, জাতি হিন্দু, পেশা চাষাদী , ঠিকানা গ্রাম ও পোঃ জোকা থানা ঠাকুরপুকুর, জেলা দঃ ২৪-পরগনা।

A Fee Rs. 27.66 Subsequently realised vide Registration Receipt No.................Date 27.13

A: D: S: R: Behala 16.7.07

Deb Dutta Mondal

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 681627

: ২ :

কস্য ৪ নং বিধিমতে রায়ত দখলী স্বত্ববিশিষ্ট স্বত্বের খেরাজী জমিজমা মায় সর্ব্বপ্রকার ইজমেন্ট রাইটাদী সম্পূর্ন নির্দ্দায়, নির্দ্দোষ ও খাস দখল থাকাবস্থায় সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগেঃ

জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা ও এ.ডি.এস.আর. অফিস বেহালা, পরগনা খাসপুর, ১৪ নং তৌজীর অন্তর্গত, মৌজা হাঁসপুকুরিয়া, জেঃ এলঃ নং ২০, রেঃ সাঃ নং ৩৬, পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা দক্ষিন ২৪-পরগনা কালেক্টর বাহাদুর অধীনে সাবেক ১৭৭ নং খতিয়ান হইতে খন্ড জমিদারী গ্রহণ আইনের ৬ ধারানুসারে আরঃ এসঃ ৫৭৮ নং খতিয়ানে একজমাভুক্ত ১২-৬৮ শতক জমির কাত বার্ষিক খাজনা ৫২ ধারামতে ৩০.৫০ টাকা করের

Deb Dutta Mondal

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

पश्चिमबঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 681628

ঃ ৩ ঃ

জমাজমির মধ্যে হাল এলঃ আরঃ ২৮৮ নং খতিয়ানভুক্ত ৫১৫ নং দাগের স্থলে ৭৩২ নং দাগে শালি ৪৫ শতক ০.১১ অংশে ০৫ শতক জমি ও ৫১৩ নং দাগের স্থলে এলঃ আরঃ ৭৩০ নং দাগে শালি ১১ শতক ০.০৮৩৩ অংশে ০১ শতক, দুইটি দাগে মোট ০৬ শতক জমিজমা যাহা আমি পৈতৃক ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া এলঃ আরঃ জরীপে স্বনামে রেকর্ড করাইয়া নিরূপীত খাজনাদী আদায়ে অন্যের বিনা স্বত্ব-সংশ্রবে নির্ব্বিবাদে খাসে ভোগদখলীকার আছি ও উহাই অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে।

এক্ষনে নিজ হিতার্থে ও নানাবিধ বৈধ কারণে এককালীন নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত ও নিম্ন তপশীল বর্নিত ০৬ শতক জমিজমা সম্পুর্ন নির্দায় ও নির্দোষ অবস্থায়

Deb Dutta Mondal

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 681629



বিক্রয় করিবার প্রস্তাব ও প্রচার করিলে আপনি অত্র দলিল গ্রহীতা উহা খরিদ করিতে ইচ্ছুক হইলে উক্ত সম্পত্তির বর্তমান বাজার দর সময়ের সর্বোচ্চ মূল্য যাচাইমতে বেলমোক্তা ৯৯,৮০০ নিরানব্বই হাজার আটশত টাকা পন ধার্য্যতায় ও নিম্ন জায়মত এককালীন নগদ গ্রহনে উহা আপনাকে বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব হইলাম ও স্বত্ব-দখলাদি অদ্যই আপনার অনুকূলে পরিত্যাগ করিলাম।

অত্র বিক্রীত সম্পত্তিতে আমার যে কিছু স্বত্ব-সামিত্ব, লভ্য-অধিকার দাবী-দাওয়া হক-হকিয়ৎ ছিল বা আছে এবং ভবিষ্যতে যে কিছু স্বত্ব-সামিত্ব উদ্ভব হইতে পারিত তৎসমূদয় অত্র সাফ বিক্রয় কোবালার বনিয়াদে রদ-রহিত, ধ্বংস ও লুপ্ত হইয়া সম্পূর্ণরূপে আপনাতে বর্তাইল।

Deb Dutta Mondal

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 681630



আপনি অদ্যকার তারিখ হইতে আমার বিক্রীত সম্পত্তির সম্পুর্ন নিব্যূঢ় স্বত্বের ষোল আনা রকম স্বত্ববান হইয়া দান,বিক্রয় হস্তান্তরাদী ও রুপান্তরাদীর সর্ববিধ স্বত্বের ক্ষমতা যুক্তে মালিক ও হকদার হইয়া স্বনামে নিরূপীত খাজনাদি আদায় দিয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান মায় স্থলাভিষিক্ত গনক্রমে যদৃচ্ছামতে ভোগ দখল করিতে থাকুন। উহাতে আমার বা আমার পুত্র পৌত্রাদী ওয়ারিশান মায় স্থলাভিষিক্তগনের কোনোপ্রকার দাবী-দাওয়া বা ওজর-আপত্তি চলিবেক না। কশ্মিনকালে আমি বা আমার পুত্র পৌত্রাদী ওয়ারিশান মায় স্থলাভিষিক্ত গনেরা কেহ কখনও কোনোপ্রকার দাবী-দাওয়া বা ওজর-আপত্তি করি কিংবা অন্য কেহ করে তাহা অত্র সাফ বিক্রয় কোবালা বনিয়াদে সর্বত্র বাতিল নামঞ্জুর ও সর্ব্বাদালতে সর্ব্বোতভাবে অগ্রাহ্য হইবেক।

Deb Dutta Mondal

প্রকাশ থাকে যে অত্র দলিলের লিখিত সম্পত্তি বা উহার কোনো অংশ আমি ইতিপূর্ব্বে অন্য কাহারও নিকট কোনোপ্রকার দায়-সংযোগ আদি বা হস্তান্তরাদী করি নাই বা করা নাই। বা উহা কাহাকেও জীবন স্বত্ব বা নিঃস্বত্বে দান করি নাই বা কোনো দেবসেবায় অর্পণ করি নাই। উহা কোনো ঋণের দায়ে বা কাহারও জামিনেতে আবদ্ধ নাই। বা উহা বিক্রয়ের কোনো নিষেধাজ্ঞা জারী নাই বা ল্যান্ড এক্যুইজিশান বা রিক্যুইজিশানের অন্তর্ভুক্ত নহে বা কোনো মামলা মোকদ্দমার বিষয়ভুক্ত সম্পত্তি নহে। উহা সম্পূর্ন নির্দায়, নির্দোষ ও খাস দখল থাকা অবস্থায় আপনাকে বিক্রয় করিলাম ও অদ্যাই দখল দিলাম। ভবিষ্যতে দায়-সংযোগ আদি বা হস্তান্তর আদি প্রকাশ পাইয়া আপনার খরিদা স্বত্বের মালিকী স্বত্ব-দখল পরিচালনে. বিঘ্ন ঘটে অমি মায় পুত্র পৌত্রাদী ওয়ারিশানগনক্রমে মাফিক আইনামলে আসিয়া আপনার যাবতীয় ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিলাম ও থাকিল।

আরও প্রকাশ থাকে যে, অত্র দলিলার্থে কোনোপ্রকার ভূল-ভ্রান্তি পরিলক্ষিত হইলে অমি মায় ওয়ারিশনগনক্রমে বিনা দাবীতে সংশোধন পত্র দলিল আপনার খরচায় যথারীতি সহি সম্পাদনে রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম ও থাকিল।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম অবগত হইয়া ও পনের লিখিত সমস্ত টাকা নিম্নের জায়-মোতাবেক নগদ বুঝিয়া পাইয়া স্বেচ্ছায় সজ্ঞানে যথারীতি সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি সন ১৪১৪ সালের ১০ই বৈশাখ মোতাবেক ইংরাজী সন ২০০৭ সালের ২৪শে এপ্রিল

## বিক্রীত সম্পত্তির তপশীল ও বিবরনঃ-

জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা ও এ.ডি.এস.আর. অফিস বেহালা, পরগনা খাসপুর, ১৪ নং

Deb Dutta Mondal

তৌজীর অন্তর্গত, মৌজা হাঁসপুকুরিয়া, জেঃ এলঃ নং ২০, রেঃ সাঃ নং ৩৬, পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা দক্ষিন ২৪-পরগনা কালেক্টর বাহাদুর অধীনে সাবেক ১৭৭ নং খতিয়ান হইতে খন্ড জমিদারী গ্রহণ আইনের ৬ ধারানুসারে আরঃ এসঃ ৫৭৮ নং খতিয়ানে একজমাভুক্ত ১২-৬৮ শতক জমির কাত বার্ষিক খাজনা ৫২ ধারামতে ৩০.৫০ টাকা করের জমাজমির মধ্যে হাল এলঃ আরঃ ২৮৮ নং খতিয়ানভুক্ত রায়ত দখলী স্বত্বের গ্রাম পঞ্চায়েত এলাকাধীনে অবস্থিত জমিজমা যাহা হাল ঠাকুরপুকুর থানার অন্তর্গত ঃ

আরঃ এসঃ ৫১৬ পাঁচ শত ষোল নং দাগের স্থলে

এলঃ আরঃ ৭৩৩ সাত শত তেত্রিশ নং দাগে শালি ৪৫ শতক ০.১১১ অংশে ০৫ শতক মং পাঁচ শতক জমি মাত্র। যাহার ঃ

| | |
|---|---|
| উত্তর ঃ অত্র দাগ | দক্ষিন ঃ ৫১৩ নং দাগ |
| পূর্ব ঃ অত্র দাগ | পশ্চিম ঃ ৫১৩ নং দাগ |

আরঃ এসঃ ৫১৩ পাঁচ শত তের নং দাগের স্থলে

এলঃ আরঃ ৭৩০ সাত শত ত্রিশ নং দাগে শালি ১১ শতক ০.০৮৩৩ অংশে ০১ শতক। মং এক শতক জমি মাত্র। যাহার ঃ

| | |
|---|---|
| উত্তর ঃ ৫১৩ নং দাগ | দক্ষিন ঃ দৌলতপুর মৌজা |
| পূর্ব ঃ ৫১৮ নং দাগ | পশ্চিম ঃ ৫১৬ নং দাগ |

একুনে একই মৌজায় দুইটি দাগে মোট ০৬ শতক জমিজমা অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে । মং ছয় শতক জমি মাত্র। খাজনা ৫০ পয়সা। মূল্য ৯৯,৮০০ নিরানব্বই হাজার আট শত টাকা মাত্র।

Deb Dutta Mondal

**টাকার জায় ঃ-**

অদ্য তারিখে নোটে ও নগদে ৯৯,৮০০ নিরানব্বই হাজার আট শত টাকা বুঝিয়া পাইলাম ও লইলাম ঃ

অত্র দলিল স্ট্যাম্প সহ আট ফর্দ্দ এবং সাক্ষী ৩ জন রহিল।

ই সা দী ঃ-

বসুমতি কয়াল

বিষ্ণুপুর

**মুসাবিদাকারক ঃ**

শ্রী কিনুরাম মন্ডল

সাং সামালী

লাঃ নং ঃ বি. এন. পি. ২৪

**কম্পিউটার টাইপকারক ঃ**

শ্রী শম্ভুনাথ ব্যানার্জী

বিষ্ণুপুর এ.ডি.এস.আর.ও.

Deb Dutta Mondal

| PHOTO | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name.........................................................

Signature ...............................................



| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |



Name [illegible]

Signature ...............................................



| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |



Name [illegible]

Signature ...............................................

| PHOTO | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name.........................................................

Signature ...............................................

Debi Dutta Mondal